# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd

**তাগিদপত্র-৩**

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-১৩৪ তারিখ ২২ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ মে, ২০২৫ খ্রিঃ

## অফিস আদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং- ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০০৭৭.১৯.১৭৬; তারিখঃ ১০/০৩/২০২৫ খ্রিঃ এর মাধ্যমে ২৫ বছরের উর্ধ্বের স্থায়ী সংরক্ষণযোগ্যে এ এবং বি শ্রেণির অপ্রচলিত নথিপত্র, দুষ্প্রাপ্য প্রকাশনা, দলিলাদি, কমিশন, রিপোর্ট (যদি থাকে) তা আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আরকাইভস ও গণগ্রন্থাগার অধিদপ্তরের স্মারক নং- ৪৩.২৫.০০০০.০০০.০০৫.১৬.০০১.১৮.১; তারিখঃ ০৬/০৩/২০২৫ খ্রিঃ এর বরাতে উক্ত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত চাহিত তথ্যাদি (যদি থাকে) আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী তাঁর আওতাধীন দপ্তরের তথ্যাদি সমন্বিত করে বোর্ড সচিবালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছিল। পরবর্তীতে চাহিত তথ্যাদি না পাওয়ায় পরপর ২ (দুই) টি তাগিদপত্র জারী করা হয়। কিন্তু অদ্যাবধি অনেক প্রধান প্রকৌশলী ও তাঁর আওতাধীন দপ্তর হতে কোনরূপ তথ্য পাওয়া যায় নি বিধায় সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী তাঁর আওতাধীন দপ্তরের তথ্যাদি সমন্বিত করে আগামী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে বোর্ড সচিবালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ জানানো হলো।

৩। এরূপ কোন তথ্য না থাকলে ০ (শূন্য) প্রতিবেদন প্রেরণের জন্য ও অনুরোধ জানানো হলো। ইতোপূর্বে যেসব দপ্তর তথ্য প্রেরণ করেছে, তাঁদের পুনরায় তথ্য প্রেরণ করার প্রয়োজন নেই।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

০৫/০৫/২৫
(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২৪-১৩৪ তারিখঃ ০৫ মে, ২০২৫ খ্রিঃ

**অনুলিপি (কার্যার্থে ও জ্ঞাতার্থে) প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ........................বাপাউবো .......................(তাঁর আওতাধীন জোনের তথ্য সমন্বিত করে প্রেরণের নিমিত্ত)।
২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা .......................(তাঁর আওতাধীন দপ্তরসমূহের তথ্য সমন্বিত করে প্রেরণের নিমিত্ত)।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল).......................বাপাউবো.....................।
৪। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল) ..........................................................বাপাউবো .......................।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি/মাষ্টার কপি।

০৫/০৫/২৫
মুঃ নূরুল আমীন
উপপরিচালক (বোর্ড)